আজকের পত্রিকা

আর্কাইভ | অনুসন্ধান করুন


খবর

# বিচারের দাবিতে উত্তাল রাজশাহী পলিটেকনিক

## অধ্যক্ষকে হেনস্তা করে পুকুরে

**প্রকাশ:** ১১ ঘণ্টা আগে | Like 0 Share 0

**রাজশাহী ব্যুরো**



(https://samakal.com/revive/www/delivery/ck.php?oaparams=2__bannerid=153__zoneid=81__cb=d82280b7a0__oadest=https%3A%2F%2Fbit.ly%2F2psH0B1)




(https://samakal.com/print/19116689/print)

(JavaScript:void(0))

অধ্যক্ষকে পুকুরে ফেলে দেওয়ার ঘটনার প্রতিবাদে গতকাল রোববার ক্লাস-পরীক্ষা বর্জন করে বিক্ষোভ করেছেন রাজশাহী পলিটেকনিক ইনস্টিটিউটের শিক্ষার্থীরা। শিক্ষার্থীদের বিক্ষোভে উত্তাল ছিল ক্যাম্পাস। এ সময় তারা ক্যাম্পাসে ছাত্রলীগসহ সব ছাত্র সংগঠনের রাজনীতি নিষিদ্ধসহ জড়িতদের বিচারের দাবি জানান। ঘটনা তদন্তে বাংলাদেশ কারিগরি শিক্ষা অধিদপ্তর তিন সদস্যের একটি কমিটি গঠন করেছে। এ ছাড়া পুলিশ ভিডিও ফুটেজ দেখে জড়িত পাঁচজনকে গ্রেপ্তার করেছে। তারা হলেন- সাফি শাহরিয়ার, সোহেল রানা, বাঁধন রায়, আরিফুল ইসলাম ও মেহেদী হাসান রাব্বী। এদিকে প্রতিষ্ঠানটিতে ছাত্রলীগের টর্চার সেলের সন্ধান পাওয়া গেছে। গতকাল রোববার সকালে পলিটেকনিকের প্রধান ফটকে অবস্থান নিয়ে বিক্ষোভ করেন শিক্ষার্থীরা। এ সময় তারা ক্যাম্পাসে ছাত্র রাজনীতি নিষিদ্ধের দাবিতে স্লোগান দেন। এরপর শিক্ষক-কর্মচারীরা মানববন্ধনে দাঁড়ালে শিক্ষার্থীরা তাতে অংশ নেন। কর্মসূচি চলাকালে ক্যাম্পাসে টানানো ছাত্রলীগের ব্যানার-পোস্টার ছিঁড়ে ফেলেন বিক্ষোভকারীরা।

বিক্ষোভকারীদের অভিযোগ, শাখা ছাত্রলীগ সভাপতি মেহেদী হাসান রিগেনের নেতৃত্বে সবচেয়ে বেশি অপকর্ম হয়ে থাকে ক্যাম্পাসে। কোনো শিক্ষার্থী অন্য প্রতিষ্ঠান থেকে বদলি নিয়ে এলেই ১০ হাজার টাকা চাঁদা নেওয়া হয়। মোবাইল ফোন নিয়ে পরীক্ষার হলে বসতে না দিলে শিক্ষকদের অপদস্ত করতে ছাড়ে না ছাত্রলীগের নেতাকর্মীরা। তারা জানান,

অধ্যক্ষ ফরিদ উদ্দীনকে লাঞ্ছনার আগেও অনেক শিক্ষকই এমন ঘটনার শিকার হয়েছেন। এর আগে এক শিক্ষককে মোটরসাইকেলসহ পুকুরে ফেলেছিল ছাত্রলীগের নেতাকর্মীরা। শিক্ষক মোহাম্মদ নুরুল্লাহ বলেন, এক ছাত্রকে মারধরের প্রতিবাদ করায় ছাত্রলীগের ছেলেরা তাকে চেয়ার তুলে মারতে এসেছিল।

অধ্যক্ষ ফরিদ উদ্দীন অভিযোগ করেন, তিনি প্রতিষ্ঠানটিতে যোগদানের পর থেকেই শাখা ছাত্রলীগের সভাপতি মেহেদী হাসান রিগেন ও তার সহযোগীরা নানা অবৈধ আবদার নিয়ে আসে। তাদের আবদার পূরণ না করলেই নানাভাবে অপদস্ত করে। তিনি অভিযোগ করেন, তারা ভর্তি বাণিজ্য করে। নবীনবরণের নামে শিক্ষার্থীদের কাছ থেকে ৩০০ টাকা করে চাঁদা উঠিয়ে এর সিংহভাগই তারা আত্মসাৎ করেছে।

অধ্যক্ষ জানান, এবার ৪০০ পরীক্ষার্থীর মধ্যে ১৩১ জন পরীক্ষা দিয়ে কেউ শূন্য, কেউ ১ নম্বর পেয়েছে। তাদের সবাইকে পাস করানোর জন্য চাপ দেয় ছাত্রলীগ। এ জন্য তারা অবৈধ সুবিধাও নেয়। দরিদ্র তহবিলের সব টাকাই তারা দাবি করে।

শিক্ষার্থীরা অভিযোগ করেন, র‌্যাগিংয়ের নামে নির্যাতন করা হয়। নানাভাবেই চাঁদাবাজি করা হয় শিক্ষার্থীদের কাছ থেকে।

দু'জন শিক্ষার্থীর ক্লাসে উপস্থিতি কম থাকায় তাদের ফরম পূরণে আপত্তি জানান অধ্যক্ষ ফরিদ উদ্দীন। এতে ক্ষুব্ধ হয়ে পলিটেকনিক শাখা ছাত্রলীগের যুগ্ম সম্পাদক কামাল হোসেন সৌরভের নেতৃত্বে অধ্যক্ষকে শনিবার দুপুরে পুকুরে ফেলে দেওয়া হয়। এ ঘটনায় রাতেই বাদী হয়ে নগরীর চন্দ্রিমা থানায় আটজনের নাম উল্লেখসহ অজ্ঞাত আরও ৫০ জনকে আসামি করে মামলা করেন অধ্যক্ষ।

আতঙ্কের নাম সমাধান রুম :শিক্ষার্থীরা জানান, ক্যাম্পাসের ১১১৯ নম্বর কক্ষটি ছিল তাদের কাছে এক আতঙ্কের নাম।

এখানে বিভিন্ন সমস্যা সমাধানের নামে চলত ছাত্রলীগের নির্যাতন। তাই রুমটিকে তারা 'সমাধান' রুম হিসেবে চিনত। গতকাল কর্তৃপক্ষের সঙ্গে কক্ষটিতে ঢুকে দেয়ালে রক্তের দাগ দেখা যায়। এ ছাড়া বেশকিছু রড পাওয়া গেছে কক্ষটিতে। মেঝেজুড়েই ছড়িয়ে আছে সিগারেটের মোথা।

নাম প্রকাশ না করার শর্তে কয়েক শিক্ষার্থী বলেন, ক্যাম্পাসে ছাত্রলীগের নেতাকর্মীদের সঙ্গে কারও বিরোধ হলেই তাকে ওই রুমে নিয়ে নির্যাতন করা হতো। গুরুতর আহত অবস্থায় কাউকে কাউকে বের হয়ে যেতে দেখা যেত। পলিটেকনিক শাখার কেয়ারটেকার মাসুদ রানা বলেন, এই রুমটি টর্চার সেল হিসেবেই পরিচিত। তিনি শুনেছেন, ছাত্রলীগের কারও সঙ্গে সমস্যা হলে এখানে এনে বিচার করা হতো। তিনি বলেন, রুমটিতে ছাত্রলীগের ছেলেরাই আড্ডা দিত।

তদন্ত কমিটি গঠন :অধ্যক্ষকে পুকুরে ফেলে দেওয়ার ঘটনা তদন্তে বাংলাদেশ কারিগরি শিক্ষা অধিদপ্তরের পরিচালক (প্রশাসন) মনজুরুল কাদের তিন সদস্যের একটি কমিটি গঠন করে দিয়েছেন। এতে অধিদপ্তরের যুগ্ম সচিব ও পরিচালক এসএম ফেরদৌস আলমকে আহ্বায়ক, পরিচালক কারিকুলাম ড. নুরুল ইসলামকে সদস্য এবং রাজশাহী মহিলা পলিটেকনিকের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ওমর ফারুককে সদস্য সচিব করা হয়েছে। তিন দিনের মধ্যে তাদের তদন্ত প্রতিবেদন জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

পলিটেকনিক ছাত্রলীগের কার্যক্রম স্থগিত :এদিকে শনিবার রাতেই রাজশাহী নগর ছাত্রলীগ জরুরি সভা করে পলিকেটনিক ছাত্রলীগের কার্যক্রম স্থগিত ঘোষণা করেছে। এ ছাড়া অভিযুক্ত ছাত্রলীগ নেতা কামাল হোসেন সৌরভকে স্থায়ী বহিস্কারের জন্য কেন্দ্রে সুপারিশ করেছে। গঠন করা হয়েছে ছয় সদস্যের তদন্ত কমিটি।

নগর ছাত্রলীগ সভাপতি রকি কুমার ঘোষ বলেন, 'এ ঘটনায় আমরা খুবই লজ্জিত এবং দুঃখিত। এটা কখনোই মানা যায় না।'

(https://samakal.com/print/19116689/print) মন্তব্য করুন

(http://a-great-in-hair-transplant.fyi?sub_id=taboola_3050444_System1_HairTransplant_Desktop_SaudiArabia_samakal&ref=taboola_samakal&compkey=hair+transplant+cost+dubai&fbid=41921396

## The Cost of Hair Transplant in Dubai May Surprise You

| Sponsored **(https://popup.taboola.com/bn/?template=colorbox&utm_source=samakal&utm_medium=referral&utm_content=thumbs-feed-01:Below Arti**

(http://a-great-in-hair-transplant.fyi?sub_id=taboola_3050444_System1_HairTransplant_Desktop_SaudiArabia_samakal&ref=taboola_samakal&compkey=hair+transplant+cost+dubai&fbid=41921396

(https://samakal.com/lifestyle/article/19091554/কি-ডায়াবেটিস-রোগীদের-জন্য-উপকারী)

## রসুন কি ডায়াবেটিস রোগীদের জন্য উপকারী?

(https://samakal.com/lifestyle/article/19091554/কি-ডায়াবেটিস-রোগীদের-জন্য-উপকারী)

(https://samakal.com/whole-country/article/1908844)

## 'ওসি একাই ৩ বার ধর্ষণ করে'

(https://samakal.com/whole-country/article/1908844)

(https://samakal.com/bangladesh/article/19021772/ওপর-সেতুমন্ত্রীর-অনেক-ক্ষোভ-প্রধানমন্ত্রী)

## আমার ওপর সেতুমন্ত্রীর অনেক ক্ষোভ: প্রধানমন্ত্রী

(https://samakal.com/bangladesh/article/19021772/ওপর-সেতুমন্ত্রীর-অনেক-ক্ষোভ-প্রধানমন্ত্রী)

(https://mrgadgetpro.com/?

widipub_id=5aa79acd2fcedb5eb3294da2&wtrd_offer_id=5b11231aef28646be933bd82&wtrd_offer_pids[]=5b3f35e1ef2864202a173653&wtrd_offer_lids[]=5b3f3

## Discover the new iHeadphones: The wireless headphones now in different colours.

| Sponsored **(https://popup.taboola.com/bn/?template=colorbox&utm_source=samakal&utm_medium=referral&utm_content=thumbs-feed-01-a:Below Ar**

(https://mrgadgetpro.com/?

widipub_id=5aa79acd2fcedb5eb3294da2&wtrd_offer_id=5b11231aef28646be933bd82&wtrd_offer_pids[]=5b3f35e1ef2864202a173653&wtrd_offer_lids[]=5b3f3

(http://fetch-in-property-investing.fyi?

sub_id=taboola_30739_System1_PropertyInvestment2_Mobile_IN_samakal&ref=taboola_samakal&compkey=best+property+investment+in+dubai&fbid=419213

## Dubai Investment Properties Might Actually Surprise You

| Sponsored **(https://popup.taboola.com/bn/?template=colorbox&utm_source=samakal&utm_medium=referral&utm_content=thumbs-feed-01-a:Below Ar**

(http://fetch-in-property-investing.fyi?

sub_id=taboola_30739_System1_PropertyInvestment2_Mobile_IN_samakal&ref=taboola_samakal&compkey=best+property+investment+in+dubai&fbid=419213

(https://samakal.com/entertainment/article/1604205472)

## 'দাবাং ৩' নায়িকার নগ্ন ছবি ফাঁস!

(https://samakal.com/entertainment/article/1604205472)

(https://samakal.com/whole-country/article/19091424/হারানোর-আগে-রিকশাচালককে-যে-কথা-বলেছিলেন-রিফাত)

## জ্ঞান হারানোর আগে রিকশাচালককে যে কথা বলেছিলেন রিফাত

(https://samakal.com/whole-country/article/19091424/হারানোর-আগে-রিকশাচালককে-যে-কথা-বলেছিলেন-রিফাত)

(https://samakal.com/entertainment/article/19091652/আর্থিক-সহায়তা-দিল-চলচ্চিত্র-শিল্পী-সমিতি)

## মৌসুমীকে আর্থিক সহায়তা দিল চলচ্চিত্র শিল্পী সমিতি

(https://samakal.com/entertainment/article/19091652/আর্থিক-সহায়তা-দিল-চলচ্চিত্র-শিল্পী-সমিতি)

(https://samakal.com/whole-country/article/1902705)

## ‘আমার ফাঁসি চাই’

(https://samakal.com/whole-country/article/1902705)

(https://samakal.com/whole-country/article/19101275/সেতুতে-খুঁটির-ওপর-বসানো-যাচ্ছে-না-স্প্যান)

## পদ্মা সেতুতে খুঁটির ওপর বসানো যাচ্ছে না স্প্যান

(https://samakal.com/whole-country/article/19101275/সেতুতে-খুঁটির-ওপর-বসানো-যাচ্ছে-না-স্প্যান)

(https://samakal.com/entertainment/article/1904942)

## ছেলের বিয়েতে নাচলেন নায়ক রুবেল

(https://samakal.com/entertainment/article/1904942)

(https://samakal.com/bangladesh/article/19012036/রায়-শুনেও-কাঠগড়ায়-নিশ্চুপ-স্নিগ্ধা)

## ফাঁসির রায় শুনেও কাঠগড়ায় নিশ্চুপ স্নিগ্ধা

**Samakal**

(https://samakal.com/bangladesh/article/19012036/রায়-শুনেও-কাঠগড়ায়-নিশ্চুপ-স্নিগ্ধা)

(https://samakal.com/capital/article/19101012/ঠিক-ছিল-না-টানা-এক-ঘণ্টা-পিটিয়েছি)

## মাথা ঠিক ছিল না, টানা এক ঘণ্টা পিটিয়েছি

**Samakal**

(https://samakal.com/capital/article/19101012/ঠিক-ছিল-না-টানা-এক-ঘণ্টা-পিটিয়েছি)

(https://www.facebook.com/TheDailySamakal/) (https://twitter.com/samakaltw)
(https://www.youtube.com/channel/UCvuyokFrRk7Eix03D7izTPQ)
(https://www.instagram.com/daily_samakal)

© সমকাল ২০০৫ - ২০১৯

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ. কে. আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন : +৮৮০১৯১১০৩০৫৫৭, +৮৮০১৯১৫৬০৮৮১২ (প্রিন্ট), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) |

ইমেইল: samakalad@gmail.com (প্রিন্ট), ad.samakalonline@outlook.com (অনলাইন)

PRIVACY POLICY (https://samakal.com/privacy) | TERMS OF USE (https://samakal.com/terms) | SAMAKAL ALL RIGHTS RESERVED